# জেলা পরিষদ
## নেত্রকোণা
www.zpnetrokona.com

জেলা পরিষদ, নেত্রকোণা

শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন

### দোকান বরাদ্দের দরপত্র বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা আগ্রহী ব্যক্তিবর্গ/ব্যবসা প্রতিষ্ঠানের নিকট হতে নেত্রকোণা জেলা পরিষদের মালিকানাধীন নির্মিতব্য/নির্মানাধীন কেন্দুয়া সাজিউড়া মোড় জেলা পরিষদ সুপার মার্কেটের ০১ হতে ৩০ নং পর্যন্ত দোকান অফেরতযোগ্য সাকূল্য সেলামী গ্রহণ পূর্বক বরাদ্দ দেয়ার নিমিত্তে জেলা পরিষদের নির্ধারিত ফর্মে সিডিউল পূরণ পূর্বক সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। প্রতিটি দোকানের জন্য অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত টাকা) টাকা মূল্যে সিডিউল জেলা পরিষদ কার্যালয়, নেত্রকোণা হতে ক্রয় করা যাবে। জেলা পরিষদ, নেত্রকোণা কার্যালয়ে সিডিউল দাখিল করা যাবে। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে দেখা ও জানা যাবে। যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ আংশিক/সম্পূর্ণ দরপত্র গ্রহণ/বর্জন ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

### ফরম বিক্রয়, দাখিল ও খোলার সময়সূচী ঃ

| ক্রমিক নং | দোকানের নাম | দোকানের সংখ্যা | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন পর্যন্ত) | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|
| ০১. | কেন্দুয়া সাজিউড়া মোড় জেলা পরিষদ সুপার মার্কেট। | ০১ - ৩০ নং পর্যন্ত | ২৫/১১/১৯ খ্রিঃ | ২৬/১১/১৯ খ্রিঃ দুপুর ১.০০টা | ২৬/১১/১৯ খ্রিঃ বিকাল ২.০০টা |

সহকারী প্রকৌশলী (ভাঃ)
জেলা পরিষদ, নেত্রকোণা।

### ঃ শর্তাবলী ঃ

সেলামীর অর্থ অফেরতযোগ্য। প্রাথমিকভাবে ১০ বছরের জন্য চুক্তি সম্পাদিত হবে। তবে প্রতি বছর জানুয়ারী মাসের মধ্যে ১০০/- টাকা ফি প্রদান পূর্বক নবায়ন করতে হবে। ১০ বছর অন্তর অন্তর কর্তৃপক্ষ ও গ্রহীতার সম্মতিক্রমে পুনরায় পরবর্তী ১০ বছরের জন্য চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যাবে। এ ক্ষেত্রে সেলামীর প্রয়োজন হবে না। অন্যান্য শর্তাবলী ঠিক থাকবে।

২। প্রতি ৩ বছর অন্তর অন্তর দোকান ভাড়ার হার পুনঃ নির্ধারণ করা হবে।

আগ্রহী প্রার্থীগণকে আবেদনপত্রের সাথে প্রতিটি দোকানঘরের জন্য উদ্ধৃত সেলামীর সাকূল্য টাকা যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা এর অনুকূলে জমা দিতে হবে।

৪। সাধারণভাবে প্রত্যেকটি দোকান ঘরের জন্য পৃথক সিডিউল দাখিল করতে হবে। ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার কর্তৃক আবেদনকারীর পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত ২ কপি ছবি সিডিউলের সাথে দিতে হবে। ব্যক্তিকে সনাক্তকরণের ক্ষেত্রে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র/আইডি কার্ডের কপি দাখিল করতে হবে। যারা আইডি কার্ড পাননি তাদেরকে ইউ.পি চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক পরিচয়পত্র দাখিল করতে হবে।

দোকানঘরের বরাদ্দ প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে বরাদ্দ গ্রহীতাকে জেলা পরিষদের সাথে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং দোকান নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার সাথে সাথেই দোকান ঘরের দখল গ্রহন করতে হবে।

৬। দোকানের সংখ্যা, আয়তন বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে কম-বেশী হতে পারে।

৭। সর্বোচ্চ দরদাতাকে চুক্তিনামা সম্পাদন করা ছাড়া দোকান ঘরের দখল হস্তান্তর করা হবে না।

৮। দোকানঘর দখল প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অবশ্যই ব্যবসা শুরু করতে হবে।

যে উদ্দেশ্যে ব্যবসা পরিচালনার জন্য দোকানঘর বরাদ্দ করা হবে জেলা পরিষদের পূর্বানুমতি ব্যতীত ব্যবসার ধরণ পরিবর্তন করা যাবে না।

১০। জেলা পরিষদের পূর্বানুমতি ব্যতীত দোকানঘর বা উহার অংশ বিশেষ অন্য কাহারও নিকট হস্তান্তর করা যাবে না। হস্তান্তরের ক্ষেত্রে বরাদ্দগ্রহীতাকে জেলা পরিষদের অনুমতি নিতে হস্তান্তর ফি বাবদ ০২ বছরের ভাড়ার সমপরিমাণ ফি প্রদান করতে হবে।

আবেদনকারী/বরাদ্দ গ্রহীতা যদি কোন ভুল তথ্য সরবরাহ করে থাকেন তাহলে তার আবেদনপত্র/বরাদ্দপত্র বাতিল করা যাবে।

১২। অনিবার্য কোন কারণে দোকান বরাদ্দ বিলম্বিত হলে বরাদ্দগ্রহীতা তা মেনে নিতে বাধ্য থাকবেন এবং এ জন্য কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

চলমান পাতা -২